

📃 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২ : ৫

💵 আরবি মূল আয়াত:

فَامًّا مَن أعطى وَ اتَّقٰى ﴿۵﴾

সুতরাং যে দান করেছে এবং তাকওয়া অবলম্বন করেছে, — আল-বায়ান
অতএব যে ব্যক্তি (আল্লাহর সম্ভষ্টির জন্য) দান করে ও (আল্লাহকে) ভয় করে, — তাইসিরুল
সুতরাং কেহ দান করলে, সংযত হলে — মুজিবুর রহমান

As for he who gives and fears Allah — Sahih International

- ৫. কাজেই(১) কেউ দান করলে, তাকওয়া অবলম্বন করলে,
 - (১) আল্লাহ্ তা'আলা পবিত্র কুরআনে কর্ম প্রচেষ্টার ভিত্তিতে মানুষকে দু'ভাগে বিভক্ত করেছেন এবং প্রত্যেকের কয়েকটি বৈশিষ্ট্য বর্ণনা করেছেন। প্রথমে বলেছেন, যে ব্যক্তি আল্লাহ যা নির্দেশ দিয়েছেন তা একমাত্র তারই পথে ব্যয় করে, আল্লাহর তাকওয়া অবলম্বন করে আল্লাহ্ তা'আলা যা থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছেন তা থেকে দূরে থাকে এবং উত্তম কলেমাকে সত্য মনে করে। এখানে 'উত্তম কলেমা'কে বিশ্বাস করা বলতে কলেমায়ে "লাহলাহা ইল্লাল্লাহ" এবং কালেমা থেকে প্রাপ্ত আকীদা-বিশ্বাস ও এর উপর আরোপিত পুরস্কার-তিরস্কারকে বিশ্বাস করা বুঝায়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

- ৫। সুতরাং যে দান করে ও আল্লাহকে ভয় করে, [1]
 - [1] অর্থাৎ, ভাল কাজে খরচ করে এবং নিষিদ্ধ কর্ম হতে দূরে থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6063

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন